দৈনিক ইত্তেফাক

তারিখ ... 18 FEB 2008 ...
পৃষ্ঠা ৩ ... কলাম ৮ ......

# সম্মিলিত প্রচেষ্টায় ভালো স্কুল করা সম্ভব
## ................ শিক্ষা উপদেষ্টা

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

শিক্ষা উপদেষ্টা ড. হোসেন জিল্লুর রহমান বলেছেন, ভালো স্কুল তৈরী করা সহজ কাজ নয়। এটি একটি বড় চ্যালেঞ্জ। সম্মিলিত প্রচেষ্টায় তা সম্ভব। শনিবার আইডিয়াল স্কুল এন্ড কলেজের দিবা শাখার ৪২তম বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠান ২০০৮-এ প্রধান অতিথির ভাষণে শিক্ষা উপদেষ্টা এ কথা বলেন।

প্রধান উপদেষ্টার কার্যালয় সচিব এবং স্কুলের গভর্নিং বডির সভাপতি কাজী মোঃ আমিনুল ইসলামের সভাপতিত্বে বক্তব্য রাখেন উপ-সচিব সৈয়দ লোকমান আহমেদ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড সচিব প্রফেসর ড. আজাফার আহমদ, আইডিয়াল স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ শাহান আরা বেগম। অনুষ্ঠান পরিচালনা করেন প্রতিষ্ঠানের দিবা শাখার সহকারী প্রধান শিক্ষক মোঃ মোজাম্মেল হোসাইন। শিক্ষা উপদেষ্টা ড. হোসেন জিল্লুর রহমান বলেন, ভালো স্কুল তৈরী করতে হলে ভাল পরিবেশ প্রয়োজন। শিক্ষা প্রতিষ্ঠানের পরিধি বাড়ানোর পাশাপাশি শিক্ষার মান ধরে রাখতে হবে। তিনি এজন্য শিক্ষক, অভিভাবক ও প্রতিষ্ঠান সংশ্লিষ্ট সকলকে সজাগ দৃষ্টি